লসিতাধর পল্লব কৃত রতি লোভং ॥ শশি কিরণচ্ছুরি তোদর জলধর সুন্দর সকুসুম কেশং। তিমিরোদিত বিধু মণ্ডল নির্ম্মল মলয়জ তিলক নিবেশং ॥ বিপুল পুলক ভর দন্তুরিতং রতি কেলি কলাভিরধীরং। মণিগণ কিরণ সমূহ সমুজ্জ্বল ভূষণ সুভগ শরীরং ॥ শ্রীজয়দেব ভণিত বিভব দ্বিগুণী কৃত ভূষণ ভারং। প্রণমত হৃদি বিনিধায় হরিং সুচিরং সুকৃতোদয় সারং ॥ ১০ ॥

ধনাশী কেদার। পহিল সমাগম রাধা কান। অতি রসে নিমগন ভেল পাঁচ বাণ ॥ দুহুঁ মুখ দরশনে দুহুঁ বিলোকনে আনন্দ নীর নিঝাঁপইরে। আরতিমে পরশত কুচ কনকাচল গিরিবর ধর কর কাঁপইরে। দুহুঁ পাঁর রভসে দুহুঁ তনু পুলকিত অঙ্গহি অঙ্গ হিলায়ইরে ॥ গদ২ ভাখে আলাপই দুহুঁ দুহুঁ চুম্বনে নয়ান ঢুলায়ইরে ॥ দুহুঁ রসে ভাসি দুহুঁ অবলম্বই রঙ্গ তরঙ্গিত অঙ্গ দুহুঁ। নবনাগরী সঞে নবনাগর শেখর ভুলল গোবিন্দদাস পুহুঁ ॥ ১১ ।

কাফি। দুহুঁ তনু এক মনঃ নিবিড় আলিঙ্গন কাঞ্চনে রতন মিলাই। নাগরের কোরে বিনোদিনী রাই ॥ একে নব জলধর কোরে বিজুরি থির সুন্দর বিধি নিরমাণ। তঁহি নিকট নীপ কদম্ব কুসুমিত কোকিল ভ্রমরা করু গান ॥ মলয়জ পবন মিলিত যমুনা তট বংশীবট নিরমাণ। কহে মহেশ বসু আবেশে অবশ দুহুঁ পুলকে পূরল পাঁচ বাণ ॥ ১২ ॥

আকুল অলক বেঢল মুখ শোভ। রাহু করল শশী মণ্ডল লোভ ॥ উভর কুসুম মালে করু অঙ্গ। জনু যমুনানিল গঙ্গতরঙ্গ ॥ বড় অপরূপ দুহুঁ চেতন মেলি। বিপরীত

সুরত কামিনী কেলি ।। প্রিয় মুখ সুমুখি চুম্বয়েওজ । চাঁদ অধোমুখে পিবই সরোজ ।। বদন সোহাগল শ্রম জল বিন্দু । মদন মোতি লয়ে পূজল ইন্দু ।। কুচ যুগ বিপরীত লম্বিত হার । কনক কলস পরি সুরধুনী ধার ।। কিঙ্কিণী রসয়ে নিতম্বিনী সাজ । মদন বিজয়ে জনু বাজন বাজ ।। ভণই বিদ্যাপতি রসবতী নারী । কাম কলা জিনি মদন চমোরি ।। ১৩ ।।

ইতি শ্রীগীতচিন্তামণৌ একাদশী ক্ষণদা ।। ১১ ।।

শ্রীগৌরচন্দ্রস্য ।

বরাড়ি । বিরলে বসিয়া একেশ্বরে । তাঁর নাম জপে নিরন্তরে ।। সব অবতার শিরোমণি । অকিঞ্চন জনের চিন্তামণি ।। সুগন্ধি চন্দন মাখা গায় । এবে ধূলী বিনু আন নাহি তায় ।। মণিময় রতন ভূষণ । স্বপনে না করে পরশন ।। ছাড়ল লখিমী বিলাস । কিবা লাগি তরু তলে বাস ।। ছোড়ল বনমালা বাঁশী । এবে দণ্ড ধরিয়া সন্ন্যাসী ।। রাস বিলাস উপেখি । কান্দিয়া ফুলায় দুটি আঁখি ।। বিভূতি করিয়া প্রেমধন । সঙ্গে লই সব অকিঞ্চন ।। প্রেম জলে করয়ে সিনান । কহে বাসু বিদরে পরাণ ।। ১ ।

শ্রীনিত্যানন্দস্য ।

পাহিড়া ।

গান্ধার । রূপে গুণে অনুপমা লক্ষ্মী কোটি মনোরমা ব্রজ বধূ অযুতে অযুত । রাস কেলি রস রঙ্গে বিহরে যাহার সঙ্গে সোপহুঁ কি লাগি অবধূত ।। প্রাণের হরি হরি এ দুঃখ কহব কার আগে । সকল নাগর গুরু রসের কলপতরু কেনে নিতাই ফিরেণ বৈরাগে ।। সঙ্কর্ষণ শেষ যার অংশ

কলা অবতার অনুক্ষণ গোলোক বিরাজে। শিব বিহি অগো-চর আগম নিগম পর কেনে নিতাই সংকীর্ত্তন মাঝে ॥ কৃষ্ণের অগ্রজ নাম মহাপ্রভু বলরাম কলিযুগে শ্রীনিত্যানন্দ। গৌররসে নিমগন করাইল জগজন দূরেরহু বলরাম নন্দ ॥ ২ ॥

শ্রীকৃষ্ণআহ।

সুহই। জহি জহি নিকসই তনু তনু জ্যোতি। তহি তহিঁ বিজুরী চমকে সোতি হোতি ॥ যাহা যাহা অরুণ চরণ চলি চলই। তহিঁ তহিঁ থলকমল দল খলই ॥ দেখলু কো ধনী সহচরি মেলি। হামারি জীবন সঙ্গে করতহি কেলি ॥ যহিঁ ভঙ্গুর ভাঙবিলোল। তহি তহিঁ উছলল কালিন্দী কল্লোল ॥ যহিঁ যহি তরল বিলোচন পড়ই। তহিঁ তহিঁ নীল উতপল ভরই ॥ যহিঁ যহিঁ হেরিয়ে মধুরিম হাস। তহিঁ তহি কুন্দ কুমুদ পরকাশ ॥ গোবিন্দদাস কহে মুগধলকান। চিনলহু রাই চিনল নাহি জান ॥ ৩ ॥

দূতীপ্রত্যাহ।

শ্রীগান্ধার। আচরে মুখ শশী গোই। ঝর ঝর লোচনে রোই ॥ কারণ বিমুখনেহ সোই। উতপত দীঘনিশসই ॥ শুন শুন সুন্দর শ্যাম। প্রেমকইহ পরিমাণ ॥ তাতল তনু নাহি ছুটই। সতত মহীতলে লুটই ॥ কাহুক কছু নাহি কহই। কোঐছে বেদন সহই ॥ জগভরি কুলবতীবাদ। কাদেই করব সম্বাদ ॥ গোবিন্দদাস আশো আশে। জীবই তুয়া অভিলাসে ॥ ৪ ॥

ধরাড়ি। শুন শুন মাধব বিদগধ রাজ। ধনী যদি দেখবি না সহে বেয়াজ ॥ নবকিশলয় দলে সুতলি বর নারী। বিষম কুসুম শর সহই না পারি ॥ হিমকর চন্দন

পবন ভেল আগি। জীউ ধরয়ে তুয়া দরশন লাগি। কতহু যতনে কহে আখর আধ। না জানিয়ে আজু কি ভেল পরমাদ॥ নরোত্তম দাসের পহু নাগর কান। রসিক কলা গুরু তুহুঁ সব জান॥ ৫॥

মালা।

ধানশী। চলিলা রসিক রাজ ধনী ভেটিবারে। অথির চরণ যুগ আরতি অপারে॥ সোঙরিতে প্রেম অবশ ভেল অঙ্গ। অন্তরে উথলল মদন তরঙ্গ॥ শীতল নিকুঞ্জ বনে সুতিয়াছে রাধে। ধনী মুখ নিরখিতে পহুঁ ভেল সাধে॥ অধর কপোল আঁখি ভুরু যুগমাঝ। ঘন ঘন চুম্বই বিদগধ রাজ॥ অচেতনি রাই সচেতন ভেল। মদন জ্বলিত তাপ সব দূরে গেল॥ নরোত্তমদাস পহুঁ আনন্দে বিভোর। তুহুঁ তুহুঁ মিলনে সুখের নাহি ওর॥ ৬॥

কেদার॥ দেখ সখি রসিক যুগল রস রঙ্গ। অম্বর বিনহি কিয়ে ঘন দামিনী রহত পরস্পর সঙ্গ॥ রাধা বদন মধুর মধুমাধব মুখ চষক ভরিরিঝ। বিনহি সরোবর কমল ফুল নিকিয়ে চন্দ্র রসেরহুভিজ॥ উরঙ্গ উতঙ্গ কুম্ভ পরিহরি উররাজিত অদভুত রীত। বিনহি ধরা কিয়ে কনক ধরাধর নমিত জলদ ভরে ভীত॥ কুন্দ বদন কিয়ে মদন নিশিত শর বিম্ব অধর পরনাগে। দাড়িম্ব বিনহি বীজ দাড়িম্ব ফুল বেশত বল্লভ-আগে॥ ৭॥

কেদার। বিগলিত চিকুর মিলিত মুখ মণ্ডল চাঁদে বেঢল ঘন মালা। চঞ্চল কুণ্ডল কপোলে গোড়ায়ল ঘামে তিলক বহি গেলা॥ সুন্দরী তুয়া মুখ মণ্ডল দাতা। রতি-রণে রমণী পরাভব পাওব- কি করব হরি হর ধাতা॥

কিঙ্কিণী কণকণ কঙ্কণ ঝন ঝন ঘন ঘন নূপুর বাজে। রতি বিপরীত ভেল মদন সমাপল জয় জয় দুন্দুভি বাজে ॥ ৮।

ইতি শ্রীগীতচিন্তামণৌ পূর্ব্ববিভাগে
দ্বাদশী ক্ষণদা ॥ ১২ ॥

শ্রীগৌরচন্দ্রস্য।

সুহই। মদন মোহন রূপ গৌরাঙ্গ সুন্দর। ললাটে তিলক শোভে অতি মনোহর॥ ত্রিকচ্ছ বসন শোভে কুটিল কুন্তল। প্রকৃতি নয়ান দুই পরম চঞ্চল॥ সূক্ষ্ম যজ্ঞ সূত্র শোভে বেঢ়িয়া শরীরে। সূক্ষ্ম রূপে অনন্ত যে হেন কলেবরে॥ অধরে তাম্বূল হাসে শ্রীভুজ তুলিয়া। বৃন্দাবন দাস সে রূপ নিছিয়া ॥ ১ ॥

শ্রীনিত্যানন্দস্য।

সুহই।

অথশ্রীঃ। দেখরে ভাই প্রবল মল্লরূপ ধারি। নাম নিতাই ভায়্যা বলি রোয়ত লীলা বুঝই না পারি॥ ধ্রু॥ ভাবেবিঘূর্ণিত লোচন ঢরঢর দিগবিদিগ নাহি জান। মত্ত সিংহ যেন দোলন গতি মন্থর কীর্ত্তন করল প্রকাশ॥ কটি তটে বিবিধ বরুণ পটহিরণ মলয়জ লেপন অঙ্গ। জ্ঞান দাস কহে বিধি আনি মিলায়ল কলি মাঝে ঐছন রঙ্গ॥ ২

সুহই। কিয়ে গুরু গরবিত না মানে পাপচিত আন না শুনে কান রন্ধে। ও নবনাগর সব গুণে আগোর তাহেসে পরাণ কান্দে॥ সজনি ও বোল বোল জানি আর। কিয়ে যশ অপযশঃ না ভায়য়ে গৃহবাস হইনু কুলের অঙ্গার॥ ধ্রু॥ কি জানি কিবা হৈল কি ক্ষেণে পরশিল সে রস পরশ মণি। জাতি কুল শীল আপন ইচ্ছায় করিনু

তাহার নিছনি ॥ হিয়া দগদগি মনের পোড়নি কহিনু না রহে ঘুমরে। এবে সে জানিনু প্রেমের এ ফল ভালে সে জ্ঞান দাস বুঝেরে ॥ ৩ ॥

বড়ারি। এ সখি অবসব পরিথন ভেলি। তুহুঁ নব প্রেম অমৃত রস বেলি ॥ নাগল শ্যাম তমালক অংশ। ফুল ভয়ো সব জগ অবতংস ॥ এ তুহুঁ মিলন বহু না টুটে। মূঢ়ক যতনে বোলিবর টুটে ॥ ঘনবিনু চাতকী জলবিনু মীন। হরি বিনু তৈছন তুহু সখিক্ষীণ ॥ চাঁন্দনি বিনু চকোর না পিয়ে। তৈছন তুয়া বিনু হরি নাহি জীয়ে ॥ যহিঁ সরসি তহিঁ হংসক বাস। যহিঁ নীরদ তহিঁ বিজুরী বিলাস ॥ তৈছে চটাওল মাধব রাধা। বিদগধ বিধি অবলো করু বাধা ॥ তৈছে হরি বল্লভ কো সমুঝয়ে। সৌরভ বিনু কিয়ে মৃগমদ গায়ে ॥ ৪ ॥

সুহই। সজনি এত দিনে ভাঙ্গল ধন্দ। তুয়া অনুরাগে তরঙ্গিণী রঙ্গিণী কোন করব অববন্ধ ॥ ধৈরজ লাজ কুল তরু ভাঙ্গই লংঘই গুরু গিরি রোধে। মাধব কোল সুধারস সাগরে লাগত বিগত বিরোধে ॥ করু অভিসার হার মণি ভূষণ নীল বসন ধরু অঙ্গে। এ সুখ যামিনী বিলসহ কামিনী জনু দামিনী ঘন সঙ্গে ॥ তুয়া পথ চাই রাই রাই বলি গদ গদ বিকল পরাণ। ক্ষণ এক কোটি কোটি যুগ মানই হরি বল্লভ পরমাণ ॥ ৫ ॥

শ্রীরাগ। বিনোদিনী কনক মুকুর কান্তি। শ্যাম বিলাসের সুন্দর তনু রাই সাজই কতেক ভাঁতি ॥ নীল বসন রতন ভূষণ জলদে দামিনী সাজে। চাঁচর কেশের বিচিত্র বেণি তুলিছে হিয়ার মাঝে ॥ সিঁথায় সিন্দূর নয়ানে কাজর তাহে চন্দনের রেখা। অরুণকোরে যেন নবজলধর নবীন

চাঁন্দের দেখা ॥ রসের আবেশে গমন মন্থর ঢুলি ঢুলি চলি যায়। আধ ঘুচনি ঈষত হাসি রাই বঙ্কিম নয়ানে চায় ॥ ৬ ॥

বেলোয়ার। ধনী ধনী রাধা আওয়ে বনি ব্রজ রঙ্গিণী গণ মুকুট মণি। অধর সুরঙ্গিণী রসিক তরঙ্গিণী রমণী মুকুট মণি বর তরুণী ॥ কুল ধনু সারিণী পীনকুচ ভারিণী কাচলি পর নীলমণি হারিনী। কনক সুদীপ মণি বরণ বিজুরী জিনি জলধর বাসিনী রূপ মোহিনী ॥ কেশরী ডম্বুর জিনি অতিশয় মাজা ক্ষীণি বসন। কিঙ্কিণী মণি মধুর ধ্বনি। গুরুয়া নিতম্বিণী বিলোলিত বরবেণী উরু যুগ সুবলনী ছবিলাবণী ॥ মরাল গমনী ধনী রূপ ভানু নৃপতনী গোবিন্দদাস পহুঁ মনো মোহিনী ॥ ৭ ॥

ভুপালী। পরশিতে চমকি চলয়ে পদ আধ। অনুমতি না দেই না করে রসবাদ ॥ অতি নবনাগর সুনাগরী মেলি। রস বৈদগধি অবধি ভৈগেলি ॥ হঠপারিরম্ভণ আরম্ভণ বেরি। ধনী মুখ মোরি রহল কর ঠেলি ॥ আন কহিতে ধনী আন কহে তঙ্কে। মরম কহিতে বিহসি মুখ বঙ্কে ॥ রতিরণ রঙ্গহি ভঙ্গ না দেল। না জানিয়ে কাম কেমন যশঃ নেল ॥ ৮ ॥

কেদার। আজু কাননে হেরি হেরি তুহুঁ তুহু রহু ধন্দে। মনমথ রাজ লাজ ভয় তেজল রমণী পড়লি রতি ফান্দে ॥ যুগল কিশোর ওব নাহি আরতি চোরিরভস রসরঙ্গে। তুহুঁ ভুজ বেলি মেলি তনু তনু ভরি ডুবল মদন তরঙ্গে ॥ চম্পকে নীল নলিনী কিয়ে পৈঠল নীল নলিনী কিয়ে চম্পা। কিয়ে দামিনী ঘন একহি তনু মনো সুখ সাগরে দেই

ঝম্প। এসুখরাতি মাতিরহ মাধব সখীগণ মনাই [illegible]
লোচন যুগল সকল কব হোয়ব হরি বল্লভ ধর আশ॥ ৯॥
বিহাগড়া। সুরত সমাপি সুতল বর নাগর পাণি
পয়োধর আপি। কনক শম্ভু যৈছে পূজকে পূজায়ল নীল
সরোরুহ ঝাঁপি॥ সখিহে কেশব কেলি বিলাসে। মালতি
অলি রমি নাহি আগোরল পুনঃরতি রঙ্গক আশে॥ বদন
মিলাই ধয়ল মুখ মণ্ডল চাঁন্দ মিলল অরবিন্দ। চকোর
ভ্রমর দুহুঁ দুহুঁ আনন্দিত পিবি অমিয়া মকরন্দ॥ ১০॥

ইতি শ্রীগীতচিন্তামণৌ পূর্ব্ববিভাগে
ত্রয়োদশী ক্ষণদা॥ ১৩॥

শ্রীগৌরচন্দ্রস্য।

গোরা দয়ার অবধি গুণনিধি। সুরধুনী তীরে নদীয়া
নগরে গৌরাঙ্গ বিহরে নিরবধি॥ ভুজযুগ আরোপিয়া
ভকতের কান্ধে। চলি যাইতে না পারে গোরাচাঁদ হরি
হরি বলিয়া কান্দে॥ প্রেম ছল ছল নয়ান যুগল কত নদী
বহে ধারে। পুলকে পুরল গোরা কলেবর ধরণী ধরিতে
নারে॥ সঙ্গে পারিষদ ফিরে নিরন্তর হরি২ বোল বোলে।
প্রিয় সখার কান্ধে ভুজযুগ দিয়া হেলিতে দোলিতে চলে॥
ভুবন ভরিয়া প্রেমে উভারল পতিত পাবন নাম। শুনিয়া
ভরসা পরমানন্দের মনেতে না লয়ে আন॥ ১॥

শ্রীনিত্যানন্দস্য।

শ্রীরাগ। আরে ভাই নিতাই আমার দয়ার অবধি।
জীবেরে করুণা করি দেশে দেশে ফিরি ফিরি প্রেমধন যাচে
নিরবধি॥ অদ্বৈতের সঙ্গে রঙ্গে ধরণে না যায় অঙ্গে গোরা

প্রেমে গৃঢ় তনুখানি। চলিয়া চলিয়া চলে বাহু তুলি হরি। লোমে হুনয়নে বহে নিতাইর পানী। কপালে তিলক শোভে কুটিল কুন্তল দোলে গুঞ্জার আঁটনি চূড়া তায়। কেশরী জিনিয়া কটি কটিতটে নীলধটি বাজন নূপুর শোভে পায়॥ ভুবন মোহন বেশ মজাইল সব দেশ রসাবেশে অট্ট অট্টহাস। প্রভু গোর নিত্যানন্দ কেবল আনন্দ কন্দ গুণ গান বৃন্দাবন দাস॥ ২॥

শ্রীকৃষ্ণআহ।

গান্ধার। আধ বদন হেরি লোচন আধ। দেখব কিয়ে আজু পুনঃ ভেল সাধ॥ পুনরিহ দিঠি ভরি পেখলু ভেলা। মেঘ বিজুরী যৈছে উগিলু কি গেলা। যাইতে পেখলু নাগরী নারী। হৃদয়ে বুঝায়ল পালটি নেহারি। মন্থর গমনে বুঝায়লি অনুরাগ। তিল এক দেখলু অবহুঁ মনে জাগ॥ রূপে ভুলল আঁখি গেলহি গেল। তব ধরি জগ ভরি ফুল শর ভেল॥ ৩॥

শ্রীরাধাসখী কৃষ্ণআহ।

সুহই। তুয়া অপরূপ রূপ হেরি দুরসঞে লোচন মনঃ দুহুঁ ধায়। পরশক লাগি আগি জনু অন্তর জীবন রহত কি যায়॥ মাধব তোহে কি কহব করি ভঙ্গি। প্রেম অগেয়ানি দহনে ধনী পৈঠলি জনু তনু দহতি পতঙ্গী॥ কহত আস্বাদ কহই নাহি জানই কাহে বিষয়াসব বালা। অনুক্ষণ ধরণী শয়নে কত মিটব লো তনু অতনু শর জ্বালা॥ কালিন্দীকূল কদম্বক কানন নামে নয়নে ভরু বারি। গোবিন্দ দাস কহত অব মাধব কৈছে জীয়ব বরনারী॥ ৪॥

সুহই। এহরি এহরি কর অবধান। দরশন দান দিয়া রাখহ পরাণ॥ ক্ষণে ক্ষণে বয় তনু ঝামর ভেল। সরস

বিলাস হাস সব দূরে গেল ॥ চমকি চমকি বহে লোচন লোর। অধর শুকায়ল নিকসই বোল ॥ দূরে গেল ব সন দূরে গেল লাজ। তোমার মূলেই ভেল এতেক অকাজ। উঠই ধরণী ধরি তেজই নিশ্বাস। জীবন আছয়ে পুনঃ তুয়া প্রতি আশ ॥ ৫ ॥

পঠ মঞ্জরী। রাইর বিপত্তি শুনি বিদগধ শিরোমণি পুছই গদগদ ভাষা। নিজ মন্দির ত্যজি চলু নব নাগর পুনঃ পুনঃ পরশই নাসা ॥ বিছুরল চরণ রণিত মণি মঞ্জীর বিছুরল মুরলীক রন্ধ্রে। বিছুরল বেশ বসন ভেল বিগলিত বিগলিত শিখি পুচ্ছ চন্দ্রে ॥ মলয়জ পরিমলে দশদিশ আমোদিত যামিনী বহে অতি পুঞ্জে। লালস দশ পরবন্ধে দুহুঁ আকুল চিরদিনে মিলল কুঞ্জে। দুহুঁ মুখ হেরই অথির ভেল দুহুঁ তনু পরশিতে ভুজে ভুজে কাঁপ। নরহরি হৃদি মাঝে অপরূপ জাগল জলধর বিধুবর ঝাঁপ ॥ ৬ ॥

বিহাগড়া। গৌর দেহ সুচারু সুবদনী শ্যামসুন্দর না হরে। জনু জলদ উপর তড়িত সঞ্চরু স্বরূপ ঐছন আহরে। পীঠপর ঘন শ্যাম বেণী দেখিয়ে ঐছন ভানরে। জনু অ ঙ্গর হাটক পাটব পাটি করগহি লিখন লিখু পাঁচবানরে। ক্ষণন থির রহু সঘন সঞ্চরু মণিক মেখল বাররে। জনু মযূর রায় দোহাই কহিং জঘন যশঃগুণ গাবরে ॥ বয়নি বরু অবশনি মানই রভস নাহি অবসানরে। রসিক ব্রজ পতি রমণী রাধা সিংহ ভূপতি ভানরে ॥ ৭ ॥

শ্রীরাগ। আজু রসে বাদর নিশি। ভাবে নিমগন ভেল বৃন্দাবন বাসী ॥ প্রেমে পিছল পথ গমন ভেল বঙ্ক। মৃগ মদ চন্দন কুঙ্কুমে ভেল পঙ্ক ॥ শ্যাম ঘন বরিখয়ে প্রেম সুধাধার। কোরে রঙ্গিণী রাধা বিজুরী সঞ্চার ॥ দিগ বি-

দিগ নাহি প্রেমের পাথার। ডুবিল অনন্ত দাস না জানে সাঁতার ॥ ৮ ॥

ইতি শ্রীগীতচিন্তামণৌ পূর্ব্ববিভাগে
চর্দ্দতুর্শী ক্ষণদা ॥ ১৪ ॥

শ্রীগৌরচন্দ্রস্য।

দক্ষিণাত্যাশ্রীঃ। চম্পক শোণ কুসুম জিনি কাচল জিতং ল গৌর তনু লাবণীরে। উন্নত গীম সীম নাহি অনুভব জগ মনো মোহন ভাঙনিরে॥ জয় শচীনন্দন ত্রিভুবন বন্দন কলিযুগ কাল ভুজগ ভয় খণ্ডন॥ ধ্রু॥

বিপুল পুলকাকুল আকুল কলেবর গরগর অন্তর প্রেম ভার। লহু লহু হাসনি গদগদ ভাষিনী কত মন্দাকিনী নয়ানে ঝরে॥ নিজ গুণে নাচত নয়ন ঢুলায়ত গাওত কতকত ভকতহি মেল। যো রসে ভাসি অবশ মহিমণ্ডল গোবিন্দদাস তহিঁ পরশ না ভেল॥ ১॥

শ্রীনিত্যানন্দস্য।

গান্ধার। নিতাইর নিছনি লইয়া মরি। ছাড়ি বৃন্দাবন নিকুঞ্জ ভবন অতি দুরাচার তারি॥ ধ্রু॥

বসুধা জাহ্নবা সঙ্গেত লইয়া শীতল চরণ রাজে। হেলায় তারিলা এগতি গোবিন্দ এ তিন লোকের মাঝে॥ ২॥

শ্রীরাধা আহ।

সিন্ধুড়া। কি পেখিলু বরজ রাজ কুল নন্দন রূপে কি রহল পরাণ। নিরমিয়া রস নিধি আমারে না দিল বিধি প্রতি অঙ্গে অধিক নয়ান। একে সে চিকণ তনু কাঞ্চন অভরণ কিরণহি ভুবন উজোর। দরশন লোরে আগোরল

লোচন না চিনু কাল কি গৌর ॥ সহজে দৃগঞ্চল অরুণ কঞ্জ দল তাহে কত ফুল সর সাজে। দিঠি মোর পরশিতে ও হাসি অলখিতে শেল রহল হৃদি মাঝে ॥ সরস কপোল লোল মণি কুণ্ডল ঝাঁপল দিনকর ভাস। ও রূপলাবণী দিঠি ভরি না পেখলু দেখিয়া অনন্ত দাস ॥ ২ ॥

ভাটিয়ারি। মকর কুণ্ডল মেলে কনয়া কেতকী দোলে কেয়া নাহ কাম করাতে। উপরে বিজুরী ভাতি হেম অভরণ কাতি পীত পিন্ধন কত ভাঁতে ॥ সজনী কি পেখলু শিখা চূড়ার মালে। ঘুরিয়া ঘুরিয়া বুলে মাতল ভ্রমরা ভুলে পড়ে জানি নয়ান কমলে ॥ কুন্দে কুন্দায়ল কালা কনয়া কেয়ূর মালা শ্যাম অঙ্গে করে ঝিকি মিকি। অঙ্গের সৌরভ পাঞা অলিরাজ আইল ধাঞা লাখে লাখে মদন ধানুকি ॥ ৪ ॥

তথা রাগ। শুন সুন্দরী এক কথা তোমাকে সুধাই। তোমার প্রেম বিনু রহিতে না পারে আকুল কানাই ॥ নিকুঞ্জ কুসুম রম্য স্থল সুশীতল। নব কিশলয় তাহে শিরিষের দল ॥ সরসিজ শয়নে সুতল শ্যাম অঙ্গ। অনুক্ষণ লেপাই মলয়জ পঙ্ক ॥ উপরে কমল দল পরশিল নয়। মদন অনল তাপে সেহ ধূলী হয় ॥ আঁখির ঠারে কহে কর্ণ সঘনে শ্বাস। নিশ্বাস কেবল রৈয়াছে প্রাণ তোমার আশে আশ ॥ বিলম্ব না কর ধনী কানু দেখসিয়া। তোমারে দেখিয়া কানু বসিবে উঠিয়া ॥ আর যত সহবাসি সভার আনন্দ। দুখানি চরণ ধরি কান্দে রামানন্দ ॥ ৫ ॥

কাচিৎ সখী দ্বারাদাহ।

ভূপালী। গুরুজন নয়ন বিধুন্তুদ মন্দ। নীল নিচোল ঝাঁপি মুখচন্দ ॥ কুহু যামিনী ঘন তিমির দুরন্ত। মদন

দীপ বয়লায়ল পন্থ ॥ চললি নিতম্বিনী হরি অভিসার। গতি অতি মন্থর আরতি বিথার ॥ রস ধাধসে চঞ্চু পদ দুই চারি। লীলা কমল ভেজল বর নারী ॥ পরিহরি মৌলিক মালতি মাল। তোড়লি মণিময় সীমকহার ॥ সব অনুরাগ ভরমে ভেল ভোরি। নি- দই পীন পয়োধর জোরী ॥ বেশ শেষ রহু নীলীম বাস। মিলনি নিকুঞ্জে কহে গোবিন্দ দাস ॥ ৬ ॥

শ্রীকৃষ্ণআহ।

কামোদ। ইন্দু অমিয়া আগোরল তাও তিমির ঘন ঘোর। কিরণ বিকাশিত শ্রুতি কুবলয় পর ধাবই নয়ন চকোর ॥ নাসা শিখর উপরে পুনঃ উদিত সিন্দুর ভানু উজোর। অহর্নিশি বদন কমল তেঞি বিকসিত শ্যাম ভ্রমর নাহি ছোড় ॥ অরুণ কিরণ পুনঃ অধর হেরি হেরি হারত বন্ধুলী কুলে। কুচ যুগ কোক শোক নাহি জানত গোবিন্দদাস কহ কুরে ॥ ৭ ॥

সখী নিঠেবাহ।

কেদারল ॥ রশনে নয়ানে নয়ানে শর হানত ভুজে ভুজে বন্ধন ঝাঁপে। অভরণ হীন তনু তনু পরশিতে বিপুল পুলক ভরে কাঁপে ॥ দেখ সখী রাধামাধব রঙ্গ। রতি রণ লাগি লাগি দুহুঁ যামিনী না হেরিয়ে জয় ভঙ্গ ॥ ধ্রু ॥ ঘন ঘন চুম্বনে দুহুঁ দুহুঁ অচেতন অধর সুধারসে মাতি। প্রেম তরঙ্গে তনু মনঃ পূরল ডুবল মনমথ হাতি। গদগদ আধ আধ পদ বানহি মদন মূরছল বাণে। দুহুঁ দুহুঁ মরমে মরমে ভালে সমুঝই গোবিন্দ দাস কিয়ে জানে ॥ ৮ ॥

যথা রাগ। চুম্বনে লুবধ মুখ অলখিত ভাষ। ধায়ল চান্দ চকোরক পাশ ॥ প্রিয় মুখ ঝাঁপল কুন্তল ভার

চান্দ অাগোরল ঘন আন্ধিয়ার ॥ কি কহবরে সখী রঙ্গ-
ভীক কায । কামহি কামে লাজায়ল লাজ ॥ সহজহি মাধব
নব নব প্রেম । হাতিক দন্ত জড়ায়ল হেম ॥ নিবিড় আলি-
ঙ্গনে বিগলিত স্বেদ । শ্যামরু গৌর রেখ রহু ভেদ ॥ ৮ ॥

ইতি শ্রীগীতচিন্তামণৌ পূর্ব্ববিভাগে

পঞ্চদশী ক্ষণদা ॥ ১৫ ॥

শ্রীগৌরচন্দ্রস্য ।

ধনাশী । তপত কাঞ্চন কান্তি কলেবর উন্নত ভাঙরি
ভঙ্গি । করিবর কর জিনি বাহুর সুবলনি বিহি গঢ়ল বহু
রঙ্গি ॥ গোরা রূপজগ মনোহারি । আপন বৈদগধি
বিধাত প্রকাশিল বধিতে কুলবতী নারী ॥ আপাদ মস্তক
পুলকে পূর্ণিত প্রেমে ছল ছল আঁখি । আপন গুণ শুনি
আপহি রোয়ত হেরি কান্দয়ে পশু পাখি ॥ ও চান্দ
চন্দ্রিকা কুমুদ মল্লিকা জিনিয়া মৃদু মন্দ হাস । মধুর বচনে
অমিয়া সিঞ্চনে নিছনি গোবিন্দ দাস ॥ ১ ॥

শ্রীনিত্যানন্দস্য ।

কামোদ । খঞ্জন গঞ্জন চলন মনোরম গতি অতি
ললিত সুঠাম । চলত খলত পুনঃপুনঃ উঠি গরজন চাহনী
বঙ্ক নয়ান ॥ গৌর গৌর বলি ঘন দেই করতালি কঞ্জ
নয়ঞ্জল বহে লোর । প্রেমে অবশ হৈয়া পতিতেরে নির-
খিয়া আইস আইস বলি দেই কোর ॥ হুহুঙ্কার গরজন
মালসাট পুনঃ পুনঃ কত কত ভাব বিথার ॥ পুলকে পূরল
তনু কদম্ব কেশর জনু ভাইয়ার ভাবে মাতোয়ার ॥ আগম
নিগমপর বেদ বিধি অগোচর তাহা কৈল পতিতেরে
দান । কহে আত্মারাম দাসে না পাইল কৃপালেশে রহি
গেল পাষাণ সমান ॥ ২ ॥

শ্রীকৃষ্ণআহ।

ধানশী। নিরমল বদন কমল বর মাধুরী হেরইতে ভেগেলু ভোর। অলখিতে রঙ্গিণী ভাঙ ভুজঙ্গিনী মরমহি দংশল মোর ॥ শুন সজনি সব ধরি পেখলু রাই। মদন মহোদধি নিমগন সব, মনঃআকুল কূল নাহি পাই ॥ ধ্রু ॥

বঙ্কিম ভাগি বিলোকন অঞ্চলে মরু পর যো দিঠি দেল। কিয়ে অনুরাগিণী কিয়ে বিরাগিণী বুঝইতে সংশয় ভেল ॥ মরকত বেদন মরমহি জানত সদয় হৃদয় তহি চাই। গোবিন্দ দাস পহুঁ কেলিক কৌতুক সঙ্গে লাগল রসবতী রাই ॥ ৩ ॥

দূতীপ্রাহ।

ধানশ্রী। একানু একানু তোহারি দোহাই। নব অপ রূপ আজু পেখলু রাই ॥ পীন পয়োধর দুবরী গাতা। সুমেরু উপরে জনু কনকলতা। মুখ মনোহর অধর সুরঙ্গ। ফুটল বান্ধুলি কমলক সঙ্গ ॥ ভাউক ভঙ্গিম সুছনি জনু। কাজরে সাজল মদন ধনু ॥ নয়ান যুগল ভঙ্গ আকার। মধুকে মাতল কিয়ে উড়ই না পার ॥ ৪ ॥

গান্ধার। কি কহব মাধব কি কহব কাযে। পেখলু কলাবতী সখীগণ মাঝে ॥ আছইতে আছয়ে কা[illegible] তুল। ভুবনে অনুপম রূপে গুণে কুশলা ॥ এবে ভেল বিপরীত ঝানর দেহা। দিবসে মলিন যৈছে চান্দের রেহা ॥ বামকরে কপোল লুলিত কেশ ভার। ক্ষিতি নখ লেখই নয়ন জলধার ॥ ৫ ॥

কামোদ। সুখময় কাননে ফুটল মাধবী পরিমলে ভরল দিগন্ত। দূতীক মধুর বচন মৃদু মারুত মধুক[illegible] কহন

একান্ত ॥ মধুসূদন রস রঙ্গ। চলি চলি বিপিন কুঞ্জগলি গহ্বরে পাওল মাধবী সঙ্গ ॥ ধ্রু ॥

রস দরশাই যবহু বহু বারণ চঞ্চল মন্দর হাতে। নহি নহি বচন বচন সমুঝায়ল পবন ঢুলায়ত মাথে ॥ সঙ্গ গুঞ্জাবলি নতি নতি করি করি মাধবী মধুপ মানাই তব মধুপানে মনোরথ পুরল হরি বল্লভ সুখদাই ॥ ৬ ॥

ভূপালী। হরি গলে লাগল চম্পক মাল। পুলকিত ভুজ বিহসি রহু বালা ॥ কানু রহল মুখ কমল লাগাই। ওহি কমল মুখি মুখল পটাই ॥ হাসি হরি নখ দেই পোড় য় বিদার। ধনী কুচ ঝাপিরচই সিতকার ॥ ৭ ॥

কেদার। দৃঢ় পরিরম্ভণ করু কতবার। বিগলিত কুন্তল টুটই হার ॥ ঝন ঝন কিঙ্কিণী নূপুর সান। আনন্দে পুরল সহচরি কান ॥ উছলল সৌরভ মধুকর গান। শ্রম জলে দুহুঁ তনু করল সিনান ॥ কহে হরি বল্লভ এ সুখ রাতি। মনমথ সাগরে ডুবল মাতি ॥ ৮ ॥

ইতি শ্রীগীতচিন্তামণৌ পূর্ব্ববিভাগে

ষোড়শী ক্ষণদা ॥ ১৬ ॥

শ্রীগৌরচন্দ্রস্য।

দেশাগ। ভাব ভরে গর গর চিত। ক্ষণে উঠে ক্ষণে বৈঠে না পায় সম্বিত ॥ অতি রসে নাহি বান্ধে থেহ। সোঙরি সোঙরি কান্দে পুরুব সে লেহ ॥ নাচে পহুঁ গোরা নটরাজ। কি লাগি গোলোক পতি সংকীর্ত্তন মাঝ ॥ প্রিয় গদাধরের করে কর ধরি। মরম কথাটি কহে ফুকরি ফুকরি ডগ মগ আনন্দ হিলোলে। লুলিয়া লুলিয়া পড়ে পড়ে পতিতের কোলে ॥ গোরার সে সব রসময়। না দরবে বলরাম পাষাণ হৃদয় ॥ ১ ॥

শ্রীনিত্যানন্দস্য ।

শ্রীরাগ । নিতাই গুণমণি আমার নিতাই গুণমণি । আনিয়া প্রেমের বন্যা ভাসাইল অবনি ॥ প্রেমের বন্যা লৈয়া নিতাই আইল গৌড়দেশে । ডুবিল ভকত সব দীন হীন ভাসে ॥ দীন হীন পতিত পামর নাহি বাছে । ব্রহ্মার দুর্লভ প্রেম সভাকারে যাচে ॥ অবান্ধব করুণা সিন্ধু কাটিয়া মোহন । ঘরে ঘরে বুলে প্রেম অমিয়া রবান । লোচন বলে আমার নিতাই যেবা নাহি মানে । অনল জ্বালিয়া দিব তার মাঝ মুখ খানে ॥ ২ ॥

বরাড়ি । অলখিতে হাম হেরি বিহসিনি থোরি । জনু রজনী ভেলি চান্দ উজোরি ॥ কুটিল কটাক্ষছটা পড়ি গেল । মধুকর ডম্বরে অম্বর ভেল ॥ কাহারি সুন্দরী কে উহ জান । আকুল করি গেয়ো হামারি পরাণ ॥ লীলাকমল ভ্রমর কিয়ে বারি । চমকি চললি ধনী চকিত নেহারি ॥ তেতেজ বেকত পয়োধর শোভা । কনক কলস হেরি কাহে নহি লোভা ॥ আধ লুকায়ল আধ উদাস । কুচকুম্ভে কহি গেও আপনাক আশ ॥ ভণই বিদ্যাপতি নব অনুরাগ । গুপত মদনশর কাহে না লাগ ॥ ৩ ॥

নালা ধানশ্রী ॥ একানু একানু তোহারি দোহাই । নড় অপরূপ আজু পেখলু রাই ॥ মুখ মনোহর অধর সুরঙ্গ । ফুটল বান্ধুলি কমলক সঙ্গ ॥ লোচন যুগল ভৃঙ্গ আকার । মধুরে মাতল কিয়ে উড়ই না পার ॥ ভাঙুকি ভঙ্গিম পুছসি জনু । কাজরে সাজল মদনধনু ॥ পীন পয়োধর দুবরি গাতা । সুমেরু উপজল কনকলতা ॥ ভণই বিদ্যাপতি দূতী কি বাচনে । কিশলয় অনঙ্গ না হয় পঙ্ক ধরণে ॥ ৪ ॥

বরাড়ীশ্রী। এসখি বিধি কি পুরায়ব সাধা। হেরব পুনঃ কিয়ে রূপনিধি রাধা॥ যদি পুনঃ না মিলব সোবর রামা। তব জীউভার ধরব কোন কামা॥ তুহু ভেল দূতীপাশ ভেল আশা। জীউ বান্ধব কিয়ে করবহু উদাসা॥ শুন হরি বচন দূতী অবিলম্বে। আয়লি চলি যাহা রমণী কদম্বে॥ কহে হরিবল্লভ শুন ব্রজবালা। হরি জপয়ে তুয়া গুণ মণি মালা॥ ৫॥

ধানশ্রী। কতয়ে কলাবতী, যুবতী সুমূরতি, নিবসই গোকুল মাহ। হরি অব রহসি, রভসে পুলকাঙ্কুর, কুটিল নয়নে নাহি চাহ॥ সুন্দরী অতএ করিয়ে অনুমান। শুভ ক্ষণে স্বামিব্রত তুহু, ছোড়লি নারীব্রত নিজ কান॥ ধ্রু। তুয়া নিজ নাম রাই ভণি কি কহব সো মধু মাধব হর। শুনইতে রতিরতন রঙ্গিয়া কুল চমকই তোহারি নিঃশঙ্ক। তুয়া গুণ গান শ্যাম ঘন গাবই অবেকত মুরলী নিসান। সহচরি কোরে ধরি তোহে ডাকই গোবিন্দ দাস পরমাণ॥ ৬॥

গাউর। নবযৌবন ধনী রূপ জিনি লাবণী মোহিনী বেশ বনায়লি তাই। মনমথ চিত ভীত নাহি মানত কুঞ্জ মাজ পর সাজলি রাই॥ চললি নিকুঞ্জে কুঞ্জর বর গমনি। যুবতী যথ শত গাওত বাওত চলত চিত্র পদ বিদগধ রমণী॥ ধ্রু॥

হেরইতে শ্যাম সুরতরণ পণ্ডিত হাসি মদন মদে মাতলি বালা। রতিরণ বীর ধীর সহচরি মিলি বরিখয়ে নয়ানে কুসুম শর মালা॥ নয়ানে নয়ানে বাণ ভুজে ভুজে সন্ধান তনু তনু পরশিতে নহে জয় ভঙ্গ। গোবিন্দ দাস কহ অব নাহি সমুঝিয়ে বাজন কিঙ্কিণী কৌনত রঙ্গ॥ ৭॥

মাউর। সঘনে আলিঙ্গন করু কত ছন্দ। জনু ঘন দামিনী লাগল দন্দ॥ বদনে বদন ধরু মনমথ কন্দ। কিয়ে এক ঠামে বান্ধল যুগল চন্দ॥ ঘেরি রহল কচ তিমির বিথার। জনু রণ জীত উদয় পরচার॥ রাগী অধর উরজ অতি চণ্ড। লাগল এ বদন খণ্ডন দণ্ড॥ মদন মহোদধি উছলি লোর। জনু নিধি যুগল করত ঝক ঝোর॥ শ্রমজলে পূরিত দুহুঁ ভেল এক। জনু রতি মঙ্গল জয় অভিষেক॥ কুচপর বিদগধ পাণি বিরাজে। কনক কলসে জনু কিশলয় সাজে॥ সব কানন ভরি পরিমল ভান। হরিবল্লভ আনকুল গুণগান॥ ৮॥

শ্রীরাগ। কিবা সে দোহাঁর রূপ। কিশোর কিশোরী পসরা পসারি রভসরসের কূপ॥ রবির কিরণে মলিন ইন্দু কুমুদ মুদিত লাজে। চান্দের ভরমে চকোর মাতল ইন্দীবর হাসে মাঝে॥ চাঁন্দের উপরে এক বিধুবর ইন্দুর উপরে শশি। চকোর উপরে পিয়ে সুধাকর খঞ্জন উপরে বসি। যমুনা তরঙ্গে অরুণ উদয় তাহার পসার তথা। অরুণ চাপিয়া তিমির রহল কি না অদভুত কথা॥ তড়িত উপরে সুমেরু শিখর ঘনের জনম তায়। কনক লতায় মুকুতা ফলল কেবা পরতীত যায়॥ রাধামাধব আরতিয়ে সব কহিতে ভরসা কায়। রসের পাঁথারে না জানে সাঁতারে ডুবিল শেখর রায়॥ ৯॥

কামোদ। করতল মধ্যমে সোমুখ মাজল অলক তিলক লিখি ভোর। সজল বিলোচনে ঘন ঘন হেরইতে ভাখই গদগদ বোল॥ ধনী ধনী রমণী শিরোমণি রাই। লোচন ওত করত নাহি মাধব নিশি দিশি রস অবগাই॥ ধ্রু॥

লোচন খঞ্জন অঞ্জনে রঞ্জই নবকুবলয় শ্রুতিমূলে। অতান কুসুমসরি ললিত হৃদয়ে ধরি কৃপণ হেম সমতুলে॥ যাবক চিত্র চরণোপরি লেখই মদন পরাজয়পাত। গোবিন্দদাস কহই ভেল কানুক লিখইতে আর কত হাত॥ ১০॥

বরাড়ী। প্রার্থনা। প্রাণধন রাধাকৃষ্ণ নিবেদন এই জন করে। দুহুঁ রসময় করুণা হৃদয় হয় অবধান কর নাথ মোরে॥ ধ্রু॥ হে কৃষ্ণ গোকুলচন্দ্র গোপীজন বল্লভ হে কৃষ্ণ প্রেয়সী শিরোমণি। হেমগোরি শ্যাম গাত্র শ্রবণ পরশ মাত্র গুণ শুনি জুড়ায় পরাণি। অধম দুর্গত জনে কেবল করুণা মনে ত্রিভুবনে এযশ খেয়াতি। শুনিয়া সাধুর মুখে শরণ লইনু সুখে উপেখিলে নাহি মোর গতি॥ জয় কৃষ্ণ জয় রাধে জয় কৃষ্ণ জয় রাধে জয় কৃষ্ণ জয় রাধে২। অঞ্জলি মস্তকে ধরি নরোত্তম ভূমে পড়ি কহে দোহে পুর মনসাধে॥ ১১॥

পূরবী। দুহুঁ রূপ সুন্দর কি দিব উপমা। কুবলয় চাঁদ মিলল এক ঠামা॥ শ্যামর নাগর নাগরী গোরি। নীলমণি কাঞ্চনে লাগল যোড়ি॥ নিবিড় আলিঙ্গনে পিরিতি রসাল। কনকলতা যৈছে বেঢল তমাল॥ রাই পয়োধরে প্রভুকর সাজ। কুবলয় শম্ভু পুজল কামরাজ॥ রায়শিখরে কহে নয়ানউল্লাস। নবঘনে স্থিরবিজুরি পরকাশ॥ ১২॥

ইতি শ্রীগীতচিন্তামণৌ পূর্ব্ববিভাগে প্রগলভা বর্ণনে সপ্তদশী ক্ষণদা॥ ১৭॥

শ্রীগৌরচন্দ্রস্য।

সিন্ধুরা। গোরা করুণাসিন্ধু অবতার। নিজগুণ গাঁথিয়া নাম চিন্তামণি জগতে পরায়ল হার॥ ধ্রু॥ কলিতিমিরা-

কুল অখিল লোক হেরি বদনচাঁদ পরকাশ। লোচন প্রেম সুধা রস বরিখনে জগজনে তাপ বিনাশ॥ ভকত কলপ তরু অন্তরে অঙ্কুর রোপল ঠামহি ঠাম। তছু পদতলে অবলম্বন পাওল পূরল নিজ নিজ কাম॥ ভাব গজেন্দ্র চড়ায়ল অকিঞ্চনে ঐছন পহুঁক বিলাস। সংসার কালকূটে বিষে তনু দগদগল একলি গোবিন্দ দাস॥ ১॥

শ্রীনিত্যানন্দস্য।

শ্রীরাগ। নিতাই করুণাময় অবতার। দেখি দীনহীন করয়ে প্রেমদান আগম নিগম সার॥ ধ্রু॥ সহজে চর চর জল নিরমল কমল জিনিয়া আঁখের শোভা। বচন রচন শ্রবণে দূরে গেল পাতকীর মন লোভা॥ নবীন করীকর জিনিয়া ভুজবর তাহে শোভে হেমদণ্ড। হেরিয়া সব লোক পাসরে দুঃখ শোক খণ্ডয়ে হৃদয় পাষণ্ড॥ নিতাইর করুণায় অবনি ভাসল পূরল জগমনো আশে। ও প্রেমলব লেশ পরশ না পাইয়া কান্দয়ে হরি রামদাস॥ ২॥

নায়ক প্রোক্ত।

ভুপালী। যমুনা যাইতে পথে রসবতী রাই। দেখিয়া বিদরে হিয়া সম্বিত না পাই॥ কিবা ক্ষণে আইল সোই কি দেখিনু তারে। সে রূপ লাবণি বনি নয়ান উপরে॥ ধ্রু। খোলিয়া দীঘল কেশ ফেলিয়া নিতম্বে। চলে বা না চলে ধনী রস অবলম্বে॥ তহিঁ মুখ মনোহর ঝলমল করে। কাম চামর করে পূর্ণ শশধরে॥ তহিঁ বিরাজই শ্রম ঘর্ম্ম বিন্দু। মুকুতা ভূষিত যেন পূর্ণিমক ইন্দু॥ কুয়ল নিতম্ব বাস রহে আধ উরে। আধ গিরিমাঝে যেন নব জলধরে॥ উর আধপর দোলে মুকুতার হারে॥ সুমেরু শিখরে জনু

সুরধুনীধারে ॥ মঝু মন রহি তঁহি করতু সিনান। গোবিন্দ দাস কহে ইহ পরিমাণ ॥ ৬ ॥

দূতী প্রাহ।

ধানশী। কাঞ্চন গোরি ভোরি বৃন্দাবনে বিহরই সহচরী মেলি। তুয়া দিঠি মিঠি গরলে ভরল তনু তৈখনে সামরু ভেলি ॥ মাধব সো অবিচল কুলরামা। নয়নহি গোই রোই দিন যামিনী গুণি২ তুয়া গুণগামা ॥ গুরুজন অবুধ মুগধমতি পরিজন অলখিতে বিরহ বেয়াধি। কি করব ধনী মণিমন্ত্র মহৌষধি লোচনে নাগল সমাধি ॥ ক্ষণে অঙ্গভঙ্গি তনু মোড়ই কহত অরমময় বাণী। শ্যামর নামে চকিত তনু ঝাঁপই গোবিন্দদাস কিয়ে জানি ॥ ২ ॥

সুহই। দেশাগ। সহজে নুনিক পুতলি গোরি। জারল বিরহ আনলে তোরি ॥ শুন শুন মাধব কি কহব তোয়। সুমতি না দেই দিন যামিনী রোয় ॥ বরণ কাঞ্চন এ দশ লাজ। সঙরি শ্যামরি তোহারি নাম ॥ অধর সুন্দর বান্ধুলি ফুল। পাওর ভৈগেল ধুতুর তুল ॥ সুরল কবরি উয়ছি লোল। সুমেরু উপরে চামের ডোল ॥ গলায় এ গজ মোতিম হার। বসন বহিতে গুরুয়া ভার ॥ অঙ্গুল অঙ্গুরী বলয়া ভেল। জ্ঞানদাস কহে দুঃখ মদন দেল ॥ ৫ ॥

কামোদ। শুন বরনাগর সব গুণে আগোর সুতনু বিষম শরজ্বালা। মুখবিধু ঝামর তপত শ্বাসকর ধুষরভেল বনমালা। অনুপম প্রেমকদামা। গিরিধর বান্ধল যাহে মহাবন আনল যাঁহা কুলরামা ॥ ধ্রু ॥ তাঁহা পহুঁ পেখল কুসুম তলপতল সুতলি অতিক্ষীণ দেহা। জলধরে বিহরল পড়ু ধরণীতল জনু দামিনী রুচিরেহা ॥ সহচরী কত কত করল যতন শত শশীমুখী চেতন লাগি। যব পিউ

পরিমল অন্তরে পৈঠল উঠি বৈঠল তব জাগি ॥ যব ধনী ভুজভরি হৃদয়ে ভরল হরি মুখে মুখ রহল লাগাই। পুলকিত তনু প্রফুল্লিত আনন্দে অগণিত পুনঃ মূরছিত ভেল রাই। বরতনু জানল পরশি শ্যামঘন যব অধরামৃত বরষে। কহে হরিবল্লভ দুহুঁক নয়ানজলে পুলকশস্য ভেল হরষে ॥

ইতি শ্রীগীতচিন্তামণৌ পূর্ব্ববিভাগে অষ্টাদশী

ক্ষণদা ॥ ১৮ ॥

শ্রীগৌরচন্দ্রস্য।

সুহই। পণ্ডিত হেরিয়া কান্দে স্থির নাহি বান্ধে অরুণ নয়ানে চায়। নিরুপম হেম জিনি উজোর গৌরতনু অবনী ধন গড়ি যায় ॥ গোরা পুনঃ নিছনি লইয়া মরি। ও রূপ মাধুরী পিরিতি চাতুরী তিল এক পাসরিতে নারি ॥ ধ্রু ॥ বরণ আশ্রম অকিঞ্চনাকিঞ্চন কার ২ কোন দোষ নাহি মানে। কমলা শিব বিহি অগোচর প্রেমধন দান দেই জগজনে ॥ ঐছন সদয় হৃদয় পহুঁ রসময় গৌর তেজ পরকাশ। প্রেমধনের ধনি কয়ল অবনী বঞ্চিত গোবিন্দ দাস ॥ ১ ॥

শ্রীনিত্যানন্দস্য।

শ্রীরাগ। মরি যাই এমন নিতাই কেনে না ভজিনু। হরি২ ধিক আরে কি বুদ্ধি লাগিল মোরে হাতে নিধি পাঞা হারাইনু ॥ কমল জিনিয়া আঁখি শোভাকরে মুখ শশি সকরুণ সভা পানে চায়। বাহু পসারিয়া বোলে আইস২ করি কোলে প্রেমধন সভারে বিলায় ॥ কাছনি কটির বেশ শোভাকরে চাঁচরকেশ বান্ধে চূড়া অতি মনো-হরে। নাটুয়া ঠমকে চলে বুক বাহি পড়ে লোরে ত্রিবিধ জীবের তাপ হরে ॥ হরিবোল বোল বোলে ডাহিন বামে

অঙ্গ দোলে রাম গৌরীদাসের গলা ধরি। মুখে খাসা হাস্যচাঁদ নিতাইর প্রেমকান্দ ভাবসিন্ধু উছলে লহর॥ নিতাই করুণাসিন্ধু পতিতের একবন্ধু করুণায়ে জগত ডুবিল। মদন মদেতে অন্ধ বিষয়ে রহল বন্ধ নিতাই ভজিতে না পারিল॥ ২॥

শ্রীঃ ধানশী। চূড়ক চূড় শিখণ্ডি শিখণ্ডক মণ্ডিত মালতিমাল। সৌরভে উনমত ভ্রমরা ভ্রমরী কত চৌদিকে করয়ে ঝঙ্কার॥ সজনি কো কহে কাম অনঙ্গ। কেলিকদম্ব তলে সো রতিনায়ক পেখলু নটবরভঙ্গ॥ ধ্রু॥ বঙ্কিম কুসুমশর নয়ন ভুগভর সঙ্করু ভাঙকামানে। নাগরীনারী মরমপার হানই নখই না পারই আনে॥ শ্রুতিমূলে ঝলমল মণিময় কুণ্ডল দোলত মদন আকার। গোবিন্দদাস অন্তরে অবধারণ মদনমোহন অবতার॥ ৩॥

যথা রাগঃ। নবীন জলধর অঙ্গ মনোহর ছটায় চাহিল নহে। ঈষৎ হাসিয়া মনের আকুতি অরুণ নয়ানে চাহে॥ কি আজু পেখলু বর বিনোদনাগর কেলিকদম্বের তলে। রূপ নিরখিতে আঁখির লাজ ভাগল আনন্দজলে॥ বকুল মালা দিয়া কুন্তল টানিয়া ময়ূরপুচ্ছের ছান্দে। রঙ্গিণী লোচন খঞ্জন বান্ধিতে পাতিল বিষম ফান্দে॥ মকর কুণ্ডল সঙ্গে অনঙ্গ দোলে গণ্ডে দরপণ ভানে। ভালে যে মদন দেখি তাহে প্রতিবিম্বিত গোবিন্দদাস অনুমানে॥৪॥

ভাটিয়ারি। শুনিয়া দেখিনু দেখিয়া ভুলিনু জানিয়া পিরিতি কৈনু। পিরিতি বিচ্ছেদ সহনে না যায় ঝুরিয়া মৈনু॥ সই পিরিতি দোসর ধাতা। বিধির বিধান সব করে আন না শুনে ধরম কথা॥ ধ্রু॥ সভাই বোলে পিরিতি কাহিনী কে বলে পিরিতি ভাল। শ্যামনাগরের

পিরিতে ভাবিতে পাঁজর ধসিয়া গেল ।। পিরিতি মিরিতি ভুলে কোলাইনু পিরিতি গুরুয়া ভার । পিরিতি বেয়াধি যারে উপজয়ে সে বুঝে না বুঝে আর ।। কেন হেন সোই পিরিতি কারনু দেখিয়া কদম্বতলে । জ্ঞানদাস কহে এমন পিরিতি ছাড়িবে কাহার বোলে ।। ৫ ।।

সুহট । রাধা নাম আধ শুনি চমকই ধরই না পারই অঙ্গ । লোচন লোর লহরিভরি আকুল কো কহ মরমতরঙ্গ সুন্দরী দরে কর হৃদয়ের বাধা । রাধা মাধব তুয়া অবধারনু মাধব কে তুহু রাধা ।। তোহারি সম্বাদ সুধারসে উনমত ভাসিং মন তনু মোর । লেখত পাতি দেখত নাহি কাজর গদ্গদ রোখল বোল ।। গীমক ভঙ্গি পহু দরশায়ল দুহু দিঠি পঙ্কজ ছাঁদি । গোবিন্দদাস কহই ধনী ধনী তুহু বুঝবি ইঙ্গিত মুদি ।। ৬ ।।

কেদার । সাজল মদন কলারস রঙ্গিণী শ্যাম মিলনরস সাধে । শ্রীবৃন্দাবন বিজয়ি বিনোদিনী রমণী শিরোমণি রাধে ।। কুঞ্চিত কেশ বেশ ভালে রাঞ্জতনীলা কমলনয়ানী । শ্রবণে রসাল কনক নবমঞ্জরী মনমথ মথন বয়ানী ।। চান্দনি রাতি চকোর মুদিত ফিরে সুললিত মুরলী সুতান । উনমত কোকিল পঞ্চম গাওত শুনি ধনি করল পয়ান ।। হংসিনী গমনি চলনি অতিমন্থর লীলাপদ গতি শোভা । কহে যদুনাথ সাথ ব্রজসুন্দরী শ্যামপিরিতি রসলোভা ।। ৭

বাসকসজ্জা ।

কামোদ । সাজল কুসুমে সেজ পুনঃ সাজই জারই জারল বাতি । বাসিত খপুর কর্পুর পুনঃ বাসই ভৈগেল অর্দ্ধতরাতি ।। আজু ধনী সাজলি বাসক শেজ । মনমথ নাথ মনোরথে বারল অঙ্গে২ নাহি তেজ ।। ঘনং অন্তরণ

অঙ্কে চড়াযই ক্ষণে ক্ষণে তেজই তায় । সচকিত নয়নে চমকি ক্ষণে উঠই হেরই নিজতনুছায় ॥ কাতর বচনে পন্থ—নই সহচরী কাহে বিলম্বাওত কান । গোবিন্দ দাস কহই অব শুনিয়ে সঙ্কেত মুরলী নিশান ॥ ৮ ॥

গুর্জ্জরী । ঘন২ নীপ সমীপহি শুনিয়ে সঙ্কেত মুরলী নিশান । রহি রহি বাম পয়োধর কন্দই তেঁই বুঝি মিলব কান ॥ দেখ সখী পাপ চতুর্থীক চান্দ । হরি অভিসার—রই বিলম্বায়ত পাতি কিরণ অবফান্দ ॥ ধ্রু ॥ মনহি মনে রথ চটল মনোরথ ধৈরয ধরণ না যাত । মণিময় কার জারজনু লাগয়ে অভরণ দূরকর গাত ॥ ধরণীশয়ন লেক মোহে সোভারত কুসুমশয়নে জীউ কাঁপ । গোবিন্দদাস কহ গহন প্রেমগাহ দহনে দেয়ায়ই ঝাঁপ ॥ ৯ ॥

অথোৎকণ্ঠিতা ।

মঙ্গল । শরদপাত রাতি রজনী উজোরল হিমকর মলয় সমীরণমন্দ । কানু পাশোয়াশে চপল মনোভব সো মোহে বিথারল দ্বন্দ ॥ সজনি পুনঃ জনি সম্বাদহ কান । কালিন্দী কূলে অবহি বিরহানলে তেজব দগধ পরাণ ॥ কিশলয় বহন শেজ অব সাজহ আহুতি চন্দন পঙ্কা । দ্বিজকুল নাদ মন্ত্রে তনু জর জর দূরে যাউ প্রেমকলঙ্কা ॥ চিত রতন মঝু কানুপাশ রহু অবহু না মিলল গোর । গোবিন্দ দাস কহই ধনি বিরমহ কানু মিলায়ব তোয় ॥ ১০ ॥

সুহই । কে মোরে মিলাঞা দিবে সে চাঁদ বয়ান । আঁখি তিরপিত হবে জুড়াবে পরাণ ॥ উঠি বসি কত পোহাইব রাতি । না যায় কঠিন প্রাণ ছার নারী জাতি ॥ আজু যদি না মিলব দারুণ কান । নিশ্চয় জা

নিহ সখী যাইবে পরাণ ॥ না মিলল নাগর না পূরিল আশ। এত ক্ষণ না আইল বলরাম দাস ॥ ১১ ॥

ভূপালী। এ সখী রমণী শিরোমণি রাই। নিরমল প্রেম জলধি অবগাই ॥ তিল এক ধৈরয ধরহ বিচারি। সো অব মিলব রসিক বনমালী ॥ এত কহি সহচরি চলিল তুরন্ত। বকুলতলে যঁহি সো রতিকান্ত ॥ ঝামর আনন সুবিরহ মন্দ। রজনী বিনু জনি দিবসক চন্দ ॥ কহে হরিবল্লভ অব দূরে গেল। যব সখি যামিনী পরবেশ ভেল। ১২

কেদার। উজোর শশধর দীপক জারল অলিকুল ঘা-ঘর বোল। হানইতে হরিণী নয়ান দরশায়ল ওহি ওহি পিকুবোল ॥ মাধব মনমথ কিরত অহেরা। একলি নিকুঞ্জে ধনি কুসুমশরে জরজর পন্থ নিহারই তেরা ॥ ভুজ ভাত-মন্তর চলবি নিরন্তর মধুযামিনী অতি ছোটি। ও ঘর বাহির করত নিরন্তর নিমিখ মানই যুগ কোটি ॥ আশা-পাশ গলে লেই বৈঠল প্রেমকলপতরু মূলে। কিয়ে ভাসিয়া কিয়ে ধরব গরব কল গোবিন্দদাস কহ ফুরে ॥ ১৩ ॥

কেদার। শুন শুন সহচরী চরিত অপার। যাঁকর রূপ গুণ কেলি কলপতরু সব সুখ সাগর সার ॥ ফুলি রসাল রসিক পিকু যৈছন মধুঋতু আনি দেখাও। যৈছন যামিনী চান্দকি চান্দনি তপত চকোর পিয়ায়ে ॥ তৈছন সহচরী সব গুণে আগরি হরি খবরি খবরি ধায়ে। মাধব আনি মিলায়লি মাধবী হরিবল্লভ যশ গাওয়ে ॥ ১৪ ॥

শ্রীগান্ধার। যব হরি হেরল রাইমুখ ওর। তৈখনে ছল ছল লোচনে লোর ॥ যব হরি কহল লহু লহু বাত। তবহি করল ধনি অবনত মাথ ॥ যবহুঁ ধয়ল পহুঁ অঞ্চল পাশ। তৈখনে চরচর তনু পরকাশ ॥ যব হরি পরশল

কঞ্চুকসঙ্গ। তৈখনে পুলকে পূরল দুঁহু অঙ্গ ॥ পূরল মনো-
রথ মদন উদ্দেশ। কহে কবিশেখর পিরিতি বিশেষ ॥ ১৫ ॥

কেদার। রতিরণ বন্দভূমি বৃন্দাবন রণরাজন পিঁচু
ধাব। দুঁহু চঞ্চলচল মনমথ মদকুঞ্জরে পরিমলে অলিকূল
ধাব। দেখ সখি রাধামাধব মেলি। দুঁহুক চপল চাতু-
নাহি সমুঝিয়ে কিয়ে কলহ কিয়ে কেলি ॥ ধ্রু ॥ দুঁহু ভুজ
পাশে দুঁহু মন বান্ধই অধর সুধাকর পান। দুঁহু নূপুর
ধ্বনি ঘন মণিকিঙ্কিণী কঙ্কণ বলয়া নিশান ॥ জয় জয়
চন্দন কবচ কুচকঞ্চুক বিপুল পুলক ফুলবাণ। আদ্ভুত
বসন রসন মণি অভরণ গোবিন্দদাস রস গান ॥ ১৬ ॥

ইতি শ্রীগীতচিন্তামণৌ পূর্ব্ববিভাগে
একোনবিংশতি ক্ষণদা ॥ ১৯ ॥

শ্রীগৌরচন্দ্রস্য।

ভুড়ি। নাচে গোরা প্রেমে ভোরা ক্ষণে ক্ষণে বোলে
হরি। ক্ষণে বৃন্দাবন করয়ে স্মরণ ক্ষণে ক্ষণে প্রাণেশ্বরী ॥
নাবক রঞ্জন কটির বসন শোভা করে গোরা রায়। কখন
কখন যমুনা বলিয়া সুরধুনী তীরে ধায় ॥ তাথেই তাথেই
মৃদঙ্গ বাজই ঝনন ঝনন করতাল। নয়ান অম্বুজে বহে
সুরধুনী গলে দোলে বনমাল ॥ আনন্দকন্দ গৌরচন্দ্র
অকিঞ্চনে বড় দয়া। শ্রীকৃষ্ণদাস করতহি আশ ওপদ
পঙ্কজ ছায়া ॥ ১ ॥

শ্রীনিত্যানন্দস্য।

পাহিড়া। নাচে পহু নিত্যানন্দ ভুবন আনন্দকন্দ
শ্রীবৃন্দাবন গুণ শুনিয়া। বাহুযুগ তুলি সঘনে বোলে হরি
চলত মোহন ভাঁতিয়া ॥ কিবা সে মাধুরী বচন চাতুরী
রহত গদাধর হেরিয়া। মাধব গৌরীদাস মুকুন্দ শ্রীনিবাস

গাওত সময় বুঝিয়া ॥ নাচে নিত্যানন্দ চান্দরে । প্রেমে
গদগদ চলত আধপদ ধরিয়া গদাধর হাতরে ॥ ওচান্দ
বদনে হাস ঘনে ঘনে অরুণ লোচন ভঙ্গিয়া । কুসুমহার
হৃদয়পর দোলত সঘন সহচর সঙ্গিয়া ॥ রাতুল চরণে
মঞ্জীর বাজত রঙ্গের নাহিক ওর । মনের আনন্দে শ্রীনি-
বাস সুত এগাতি গোবিন্দ চিত ভোর ॥ ২ ॥

বরাড়ি রাগেণ অষ্টতালিতালে । বদসি যদি কিঞ্চি
দপি দন্তরুচি কৌমুদী হরতি দরতিমিরমতিঘোরং । স্ফুর
দধরসীধবে তব বদন চন্দ্রমা রোচয়তি লোচন চকোরং ॥
প্রিয়ে চারুশীলে মুঞ্চময়ি মান মানদানং । সপদি মদনা-
নলো দহতি মম মানসং দেহি মুখকমল মধুপানং । ধ্রু ॥
সত্যমেবাসি যদি সুদতি ময়ি কোপিনী দেহি খরনখর
শরঘাতং । ঘটয় ভুজবন্ধনং জনয়রদখণ্ডনং যেনবা ভবতি
সুখজাতং ॥ ত্বমসি মম ভূষণং ত্বমসি মম জীবনং ত্বমসি
মম ভবজলধি রত্নং । ভবতু ভবতীহময়ি সতত মনুরো-
ধিনী তত্র মম হৃদয়মতি যত্নং ॥ নীলনলিনাভমপি তন্বি
তব লোচনং ধারয়তি কোকনদ রূপং । কুসুম শরবাণ
ভাবেন যদি রঞ্জয়সি কৃষ্ণমিদমে তদনুরূপং ॥ স্ফুরতু কুচ
কুম্ভয়োরুপরি মণিমঞ্জরী রঞ্জয়তু তব হৃদয়দেশং । রসতু
রসনাপি তব ঘন জঘন মণ্ডলে ঘোষয়তু মন্মথ নিদেশং ॥
স্থলকমল গঞ্জনং মম হৃদয়রঞ্জনং জনিত রতিরঙ্গপরভাগং ।
ভণ মসৃণবাণি করবাণি চরণদ্বয়ং সরসলসদরক্তকরাগং ॥
স্মরগরল খণ্ডনং মম শিরসি মণ্ডনং দেহি পদপল্লব মু-
দারং । জ্বলতি ময়ি দারুণো মদনকদনানলো হরতু তদুপা
হিত বিকারং ॥ ইতি চটুল চাটুপটু চারু মুরবৈরিণো রাধি-

কামাধিবচন জাতং। জয়তি পদ্মাবতী রমণ কবি ভারত্ত জয়দেব ভণিত মতিশাতং ॥ ৩॥

ধানশী। দেখ সখী নাগর নাহ সুজান। কুন্তলপিঞ্ছে চরণ নিরমঞ্ছন অবহু কি সাধবি মান॥ মুঞি জানত হাঁ রাইক পরিহরি স্বপনে আন নাহি জান। বিদগধরাজে কোই পরিবাদরে তৈই কি তেজবি কান॥ যাকর মুরলী আলাপনে কত কত কুলরমণীগণ ভোর। তোহারি প্রেম ভয়ে বাত না কহতহি অতয়ে কি মানসি থোর॥ প্রেমক দহনে প্রেমপত্র শীতল আনহি হোয়ত আন। চন্দন চন্দ্রে চান্দনি তনু তাপই গোবিন্দদাস পরমাণ॥ ৪॥

গান্ধার। আদরে বাদর করি কত বরিকসি বচন অমিয়া রসধারা॥ ওরস সাগরে ডুবি মরত পুনঃ পুনঃ কলে পাবনু পারা॥ মাধব বুঝল মো তোহে অবগাই। নাগরী লাখ ভরল তুয়া অন্তর কো পরবেশব তাই॥ ধ্রু॥ কি কল ইঙ্গিত নয়ন তরঙ্গিত সাঙ্গত মনমথ ফান্দে। তুহু নাগরগুরু মোহে চঢ়ায়লি কপট প্রেমময় বান্ধে॥ দুরকর লালস রসিক শিরোমণি ব্রজ রমণীগণ দেবা। গোবিন্দ দাস কতহু গুণগায়ব তোহারি চরণ রজ সেবা॥ ৫॥

শ্রীরাগ। রাই কত পরিখসি আর। তুয়া আরাধন মোর বিদিত সংসার॥ যজ্ঞ দান জপ তপ সব তুমি মোর মোহন মুরলী আর বয়ানক বোল॥ বিনোদিনী চাহ মুখ তুলি। তোমার নয়ান না চলে নাচে পরাণপুতলি॥ পীত পিন্ধন মোর তুয়া অভিলাষে। পরাণ চমকে যদি ছাড়হ নিশ্বাসে॥ রতন মন্দির কিবা পরাণ পুতলি। কত সাধে সুধা সাঁচে বিধি নিরমিলি॥ তাহে ভূষণ দিল রসপরসঙ্গ। সো মানে মলিন ভেল মনমথ রঙ্গ॥ ৬॥

শ্লোকঃ। সুচিরমনুনয়েন প্রীণয়িত্বা মৃগাক্ষীং গত
বতীকৃত বেশে কেশবে কুঞ্জশয্যাং। রচিত রুচির
ভূষাং দৃষ্টিমোগে প্রদোষে স্ফুরতি নিরবসাদাং
কাপি রাধাং জগাদ॥

বসন্ত। বিরচিত চাটুবচন রচনং চরণে রচিত প্রণিপাতং।
সংপ্রতি মঞ্জুল বঞ্জুলসী মনি কেলিশয়ন মনুযাতং॥ মুগ্ধে
মথন মনুগত মনুসর রাধিকে॥ ধ্রু॥ ঘন জঘন স্তনভার
ভরে দরমন্থর চরণ বিহারং। মুখরিত মণিমঞ্জীর মুপৈহি
বিধেহি মরাল বিকারং॥ শৃণু রমণীয়তরং তরুণীজনমোহন
মধুরিপুরাবং॥ কুসুমশরাসন শাসনবন্দিনি পিক নিকরে
ভজভাবং। অনিল তরল কিশলয়নিকরেণ করেণলতা নিকু
রম্বং। প্রেরণমিবকরভোরু করোতি গতিংপ্রতি মুঞ্চ বিলম্বং
স্ফুরিত মনঙ্গ তরঙ্গ বশাদিব সূচিত হরিপরিরম্ভং। পৃচ্ছ
মনোহর হার বিমল জলধার মমং কুচকুম্ভং॥ অধিগত
মখিল সখীভিরিদং তববপুরপি রতিরণসজ্জং। চণ্ডিরণিত
রশনা রবডিণ্ডিম মভিসরস রসমলজ্জং॥ স্মর শুভগনখেন
করেণ সখীমবলম্ব্য সলীলং। চলবলয় কৃণিতৈরব বোধয়
হরিমপি নিজগতি শীলং॥ শ্রীজয়দেব ভণিত মধরীকৃত
হার মুদাসিত বামং। হরিবিনিহিত মনসামধি তিষ্ঠতু
কণ্ঠতটী মবিরামং॥ ৭ ॥

ভূপালী। ধনি চলি আয়লি নিভৃত নিকুঞ্জে। কঙ্কণ
ঝনঝন মধুকর গুঞ্জে॥ কৈছে যাওব সখি সো পিয়াপাশে।
হাম অতি মানিনী জনিহয়ে হাসে॥ কবহু না কঁর বদন
পরসাদ। প্রতিকূল মদন করয়ে জনিবাদ॥ সো রতিলুবধ
পরসে যদি অঙ্গ। তব বিহিনা জানিয়ে কোন করে রঙ্গ॥

কহে হরিবল্লভ জনি কর মান। বল্লভ সোই মূরতি পাঁচ
বাণ॥ ৮ ॥

সুহই। হরসঞে নয়ানে নয়ানে যব হেরবি নিয়ড়ে
রহবি শির নাই। পরশিতে নিরসি করহি কর বারবি
যতনে রোখ নিরমাই॥ সুন্দরী অতয়ে শিখায়ই তোয়।
বিনহি মান ধন কিয়ে বহু বল্লভ কবহু আপন বশ হোয়॥
পুছইতে গোরি চমকি মুখ মোড়বি হসইতে জনি তুহু
হাস। করইতে মিনতি শুনই নাহি শুনবি করবি আনহি
আনভাষ॥ পড়ইতে চরণে বারি দিঠি পঙ্কজে পূজবি সো
মুখচন্দ। গোবিন্দদাস কহ যাকো ধৈরয রহ তাকে সো
এত পরবন্দ॥ ৯ ॥

ভূপালী। পাহিলহি রাধামাধব মেলি। পরিচয় দুলহ
দূরে রহু কেলি॥ অনুনয় করইতে অবনত বয়নি। চকিত
বিলোকি নখ লেখই ধরণী॥ অঞ্চলে পরশিতে চঞ্চল
কান। রাই করল পদ আধপয়ান॥ রস নবলেশ দেখা
য়লি গোরি। পায়লি রতন পুনঃ লেয়লি ছোরি॥ বিদগধ
মাধব অনুভব জানি। রাইক চরণে পসারল পাণি॥ হাসি
দরশই মুখ কাঁপই গোই। বাদরে শশি জনু বেকত না
হোই॥ করে কর বারিতে উপজল প্রেম। দারিদ্র ঘটভরি
পায়ল হেম॥ নব অনুরাগ বাঢল প্রতি আশ। জ্ঞানদাস
কহে গুরুয়া পিয়াস॥ ১০ ॥

ভূপালী। ভালে তুহু মাধব জানসি ছন্দ। হাম কুলজা
মুগধিনী মতিমন্দ॥ এত কহি বরিখয়ে কুটিল কটাক্ষ।
সো নাগর মানত নিধি লাখ লাখ॥ হাম বলি যাও তুয়া
মুখরঙ্ক। হাসি হাসি চুম্বই নাহ নিঃশঙ্ক॥ রোখই দানে

পোখই রতিরঙ্গ। সিরজই মনসিজ সমর তরঙ্গ॥ দৃঢ় পরিরম্ভণ আপহি করই। তবহি কত নয়ন শর ভরই॥ তুহু অতি চতুর সাধবি নিজ কাম। কামিনী পিয়া মুখ পোছই ঘাম॥ এতুয়া অধর রমণি শতখুট। কপটহি হাস বদন কর রুঠ॥ তৈখন সো মুখ করতহি পান। পেখল মদন রাগে পাঁচবাণ॥ উছলল সুরত সমুদ্র ঝকোর। জনু মনদামিনী নাচয়ে জোর॥ কহে হরিবল্লভ এমুখ মাহ। লোচনমীন করত অবগাহ॥ ১১॥

ইতি মধ্যা সংকীর্ণ সম্ভোগঃ।

তুপালী। আকুল কুটিল অলকাকুল সম্বরি। শিথি গনাই বান্ধই পুনঃ কবরী॥ তহি সম রেখ সিন্দুরবিন্দু। কুঙ্কুম মাঝে সাজল মুখইন্দু॥ এ হরি অতি রসে অবশ রসনা। বিঘটিত বেশ ঘটল পুনর্ব্বার॥ কাজরে উজোরল লোচন ভ্রমরী। স্থগিত অবতংসয় কিশলয় চমরী॥ পীন পয়োধর থির কর আপি। মৃগমদে রঞ্জহ নথ পদ ঝাঁপি॥ বিগলিত কম্বু বলয়গণ মোর। সিথে পিন্ধায়ব নূপুর জোর॥ মিটল যাবক পদে পুনঃ লেখ। গোবিন্দ দাস দেখত পরতেক॥ ১২॥

বালা। এ ধনি এ ধনি কর অবধান। কহ পুনঃ কি করব অনুচর কান॥ পহিলহি তোহারি বচন পরমাণ কিশলয়ে সাজলু মদন শয়ান॥ চন্দ্রক পবন সঘন তহি দেল। অতিশ্রমে শ্রমজল সব দূরে গেল॥ বিগলিত চিকুর যতনে পুনঃ সাওরি। বকুল মালসঞে বান্ধি পুনঃ কবরী অঞ্জনে রঞ্জলু এ দুই নয়ান। তাম্বূলে পূরলু পঙ্কজ বয়ান মৃগমদে লেখইতে উচকুচ জোর। কাঁপে চপলকর পঙ্কজ

মোর ॥ ইথে যদি রোখলি কাঞ্চন গোরি। গোবিন্দদাস গুণ গায়ব তোরি ॥ ১৩ ॥

প্রার্থনা।

বরাড়ি। গুজ্জরী। অরুণ কমলদলে পালঙ্ক বিছায়ব তাই বৈঠব কিশোর কিশোরী। শ্যের মধুর মুখ পঙ্কজ মনোহর মরকত মণি হেম গোরি ॥ প্রাণেশ্বরী মোরে কবে হবে শুভদিঠি। আজ্ঞায় লইব কবে কুসুমবর চন্দক শুনব বচন গোঁথায়িঠি ॥ কবে মৃগমদ সিন্দূরে তিলক বনায়ব বিলেপন চন্দন গন্ধে। গাঁথিয়া মালতী ফুলে মালা পহিরায়ব ভুলব মধুকর বৃন্দে ॥ কবে ললিতা আ- জ্ঞার করে দেয়ব বীজন বীজব মারুত হাম মন্দে। শ্রম জলে সকল মিটব দুহুঁ কলেবর হেরব পরম আনন্দে ॥ নরোত্তম দাস আশ ও পদ পঙ্কজ সেবন মধুরস পানে। এমন হইব দিন না হেরিয়ে কিছু চিহ্ন রাধাকৃষ্ণ নাম শুনি মনে ॥ ১৪ ॥

ইতি শ্রীগীতচিন্তামণৌ পূর্ব্ববিভাগে

বিংশতি ক্ষণদা ॥ ২০ ॥

শ্রীগৌরচন্দ্রস্য।

পাহিড়া। রস পরিপাটী নট কীর্ত্তন লম্পট কত রঙ্গি সঙ্গি সব সঙ্গে। যাহার কটাক্ষে লখিমী লাখে লাখে বিলসই বিলোল অপাঙ্গে ॥ শুনি বৃন্দাবন গুণ রসে উন মত্ত মন ভুবাহু তুলিয়া বলে হরি। ফিরি নাচে গোরা রায় কত ধারা বসুধায় নয়ানে বহে প্রেমের গাগরি ॥ পুরুষ প্রকৃতিপর মদন মনোহর কেবল লাবণ্যরস সীমা। রসের সাগর গৌর বড়ই গভীর ধীর না রাখিল নাগরী গরিমা ॥ ত্রিভুবন সুন্দর উন্নত কন্দর সুবলিত বাহু বি-

শালে । কুঙ্কুম চন্দন মৃগমদে লেপন কহে বাসু তছু পদতলে ॥ ১ ॥

শ্রীনিত্যানন্দস্য ।

বরাড়ি । নিতাই রঙ্গিয়া মোর নিতাই রঙ্গিয়া । পূরুব বিলাস রঙ্গ সঙ্গে নবসঙ্গিয়া ॥ কঞ্জনয়নে বহে সুরধুনী ধারা । নাহি জানে দিবা নিশি প্রেমে মাতোয়ারা ॥ চন্দনে চর্চ্চিত অঙ্গ উজোর । রূপ নিরখিতে পর জগমনো ভোর ॥ আজানুলম্বিত ভুজ করীবর শুণ্ড । কনক খচিত দণ্ড দলন পাষণ্ড ॥ শিরে পাগড়ি বান্ধে নটপটিয়া । কটি আঁটি পারিপাটী পরে নীলধটিয়া ॥ দয়ার ঠাকুর নিতাই জননী পরকাশ । শুনিয়া আনন্দে নাচে পরসাদ দাস ।২।

সুরট । রাধে নিগদ নিজঙ্গদ মূলং । ক্ষিপসি বিদূরে মুহুর্মুহুরপি সংভৃত মুরসি দুকূলং ॥ অভিনন্দসি নহি চন্দ্ররজোভর বাসিতমপি তাম্বূলং । ইদমপি বিকিরসি বর চম্পককৃত মনুপম দাম সচূলং ॥ ভজদনবস্থিতি নাখিল পদে সখি সপদি বিড়ম্বিত তূলং ॥ কলিত সনাতন কৌতুক মপি তব হৃদয়ং স্ফুরতি সশূলং ॥ ৩ ॥

সৌরাষ্টি । ভাবিনি পৃচ্ছ ন বারং বারং । হন্ত বিমুহ্যতি দীক্ষ মনোভব বল্লব রাজকুমারং ॥ ধ্রু ॥ কুটিলং মামবলোক্য নবাম্বুজ মুপরি চুচুম্বস রঙ্গী । তেন হঠাদহ মভবং বেপথু মণ্ডল সঞ্চলদঙ্গী ॥ দাড়িম লতিকা মনুনি স্থূলফল নমিতাং সদধে হস্তং । তদনুভবান্মম ধর্ম্মোজ্জ্বল মপি ধৈর্য্য ধনং গতমস্তং ॥ অদশদশোক লতা পল্লবময় মতনু সনাতন নর্ম্মা । তদহমবেক্ষ্যাব ভুবচিরং বত বিস্মিত কায়িক কর্ম্মা ॥ ৪ ॥

কেদার। সুন্দরী কলয় সপদি নিজ চরিতং। তমতনু কার্ম্মণি বিহুধি রসিক মমু মাকষসি গুণকলিতং। ধ্রু। নিজ মন্দির মল্পাদ লসদিন্দীবরমপি পরিহাস বিলাসী। অন্তরদ পাশু সমস্তকলং গিরিকন্দর তটবনবাসী॥ ভবদনুরাগঃ নৃপোহক্কতহা কিমপি করেণ বৈরভিপারং। প্রহরত্তে মনসিজ ধন্যমনা প্রহিত্তো যদি মৃংকতিবারং। জীবয়িতু যদি কান্ত মনন্ত গুণালয় মিচ্ছসি কান্তে। অভিসরুসংপ্রতি তংপ্রতি ভাবিনী হরিবল্লভ ভণিতান্তে॥ ৫ ॥

